

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃঅধিঃ/হিসাব/উপ-পরিচালক(অর্থ)/তদন্ত-ডিএমসিএইচ-ঢাকা/২০১৭/ ৪১২৬

তারিখঃ ২৬/৫/২০১৭

ঃ তদন্ত নোটিশ ঃ

স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-ডিজিএইচএস/শৃংলা-২৭/২০১৬/২২৯৩, তারিখঃ ১৫/০৫/২০১৭ ইং এর মাধ্যমে জনাব মোঃ হেলালুল ইসলাম, কিচেন সুপারভাইজার, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কর্তৃক পুনঃ তদন্তের জন্য দাখিলকৃত ১৫/১২/২০১৬ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব মোঃ আবু সাঈদ মিয়া, কিচেন সুপারভাইজার, জনাব দীন ইসলাম, কুক-মশালচী, জনাব মোফাজ্জল হোসেন, কুক-মশালচী, জনাব হুমায়ুন, কুক-মশালচী ও জনাব সেন্টু, কুক-মশালচী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে অভিযোগসমূহ পূর্ণঃতদন্ত করার জন্য ডাঃ জে এম কামরুল ইসলাম, উপ-পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিয়োগ করে একই স্মারকে আবুল কালাম রাড়ী, হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে কন্ডাক্টিং অফিসার নিয়োগ করা হয়।

সে মোতাবেক উক্ত অভিযোগ তদন্ত পূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার লক্ষ্যে আগামী ৩০/০৫/২০১৭ ইং তারিখঃ রোজঃ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় উপ-পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর অফিস কক্ষে তদন্তের দিন ও সময় ধার্য করা হলো। উক্ত ধার্যকৃত সময়ে অভিযোগের জেরা/জবানবন্দির বিষয়ে তদন্তকারী কর্মকর্তাকে সহায়তা করার লক্ষ্যে অভিযোগ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ —
(ডাঃ জে এম কামরুল ইসলাম)
উপ-পরিচালক (অর্থ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
এবং
সভাপতি, তদন্ত কমিটি।

স্মারক নং- স্বাঃঅধিঃ/হিসাব/উপ-পরিচালক(অর্থ)/তদন্ত-ডিএমসিএইচ-ঢাকা/২০১৭/ ৪১২৬/১/১৭ তারিখঃ ২৬/৫/২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ সহকারী পরিচালক (সমন্বয়)
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপ-পরিচালক(প্রশাসন), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা। তদন্তের বিষয়ে তদন্তকারী কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা সহ অভিযোগ সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত স্থান ও সময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এ জি বি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। তাকে পত্রখানা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
- ৯। আবুল কালাম রাড়ী, হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও কন্ডাক্টিং অফিসার।
- ১০। মোঃ নজরুল ইসলাম, সুপারিনটেনডেন্ট (হিসাব), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং তদন্তকারী কর্মকর্তার সহায়তাকারী, তাকে তদন্ত কমিটির সদস্যবৃন্দকে তদন্তকার্যে সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে যথাসময়ে যথাস্থানে হাজির থেকে অর্পিত দায়িত্ব পালন করার জন্য বলা হলো।

- ১১। মোঃ হেলালুল ইসলাম,কিচেন সুপারভাইজার,ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকা। তাকে, নির্ধারিত স্থানে ও সময়ে অভিযোগ সংশিষ্ট প্রমান পত্রাদি ও স্বাক্ষী সহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২। মোঃ আবু সাঈদ মিয়া,কিচেন সুপারভাইজার, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকা। তাকে, নির্ধারিত স্থানে ও সময়ে অভিযোগ সংশিষ্ট প্রমান পত্রাদি ও স্বাক্ষী সহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৩। দীন ইসলাম,কুক মশালচী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকা তাকে, নির্ধারিত স্থানে ও সময়ে অভিযোগ সংশিষ্ট প্রমান পত্রাদি ও স্বাক্ষী সহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৪। মোফাজ্জল হোসেন,কুক মশালচী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকা। তাকে, নির্ধারিত স্থানে ও সময়ে অভিযোগ সংশিষ্ট প্রমান পত্রাদি ও স্বাক্ষী সহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৫। হুমায়ুন, কুক মশালচী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকা। তাকে, নির্ধারিত স্থানে ও সময়ে অভিযোগ সংশিষ্ট প্রমান পত্রাদি ও স্বাক্ষী সহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৬। সেন্টু,কুক মশালচী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল,ঢাকা। তাকে, নির্ধারিত স্থানে ও সময়ে অভিযোগ সংশিষ্ট প্রমান পত্রাদি ও স্বাক্ষী সহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৭। দত্তর কপি।



উপ-পরিচালক (অর্থ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

এবং

সভাপতি, তদন্ত কমিটি।